

📃 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪:৮

💵 আরবি মূল আয়াত:

তারা আহবানকারীর দিকে ভীত-সন্ত্রস্ত অবস্থায় ছুটে আসবে। কাফিররা বলবে, 'এটি বড়ই কঠিন দিন'। — আল-বায়ান

ভীত-সন্ত্রস্ত হয়ে তারা আহবানকারীর দিকে ছুটে আসবে। কাফিররা বলবে- "কঠিন এ দিন"। — তাইসিরুল তারা আহবানকারীর দিকে ছুটে আসবে ভীত-বিহবল হয়ে। কাফিরেরা বলবেঃ কঠিন এই দিন। — মুজিবুর রহমান Racing ahead toward the Caller. The disbelievers will say, "This is a difficult Day." — Sahih International

- ৮. তারা আহবানকারীর দিকে ছুটে আসবে ভীত-বিহ্বল হয়ে।(১) কাফিররা বলবে, বড়ই কঠিন এ দিন।
 - (১) مهطع এর শাব্দিক অর্থ মাথা তোলা, আরেক অর্থ, দ্রুতগতিতে ছুটা। আয়াতের অর্থ এই যে, আহবানকারীর প্রতি তাকিয়ে হাশরের ময়দানের দিকে দ্রুতগতিতে ছুটতে থাকবে। [কুরতুবী; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

- (৮) তারা আহবানকারীর দিকে ছুটে আসবে ভীত-বিহ্বল হয়ে।[1] অবিশ্বাসীরা বলবে, 'এ তো কঠিন দিন।'
 - [1] مُسْرِعِيْنَ वर्ष مُسْرِعِيْنَ अर्जी़ ज़ात्त, शिष्ट्रत शांकरत ना।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4854

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন